মুজিবনগর উপজেলা বিএনপি’র বর্ণাঢ্য র্যালী ও বাংলা বর্ষবরণ

মুজিবনগরে বাংলা নববর্ষ ১৪৩২ উদযাপন উপলক্ষে উপজেলা বিএনপি’র আয়োজনে, জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ন আহবায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি আমিরুল ইসলামের নেতৃত্বে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সকাল ৮ টার সময় উপজেলা বিএনপি’র কার্যলয় প্রাঙ্গন থেকে একটি জমকালো র্যালি উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা বিএনপি’র কার্যালয়ে গিয়ে সমাপ্ত হয়। র্যালীতে বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবকদল, কৃষকদল, ছাত্রদল অংশগ্রহণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র ১ নং যুগ্ম আহবায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, এছাড়াও অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মোনাখালী ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক রায়হান কবির, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি রফিকুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আশরাফুল হক কালু, জেলা যুব দলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক এস এম সালাউদ্দীন, সরকারি কলেজ ছাত্রদলের আহবায়ক লিংকন, বিএনপি নেতা জহিরুল ইসলাম সাজু, বিপ্লব, নুরুদ্দীন সাদি,হাপিজুল ইসলাম, ওমর ফারুকসহ স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সাংস্কৃতিক সম্প্রীতি ও জাতীয় ঐক্যকে প্রাধান্য দিয়ে আয়োজিত এ অনুষ্ঠান স্থানীয়দের মধ্যে ব্যাপক সাড়া ফেলেছে। পরে বিএনপি’র উপজেলা শাখা কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সরকারি মহিলা কলেজে বর্ষবরণ উদযাপন

মেহেরপুর সরকারি মহিলা কলেজে বর্ষবরণ উদযাপন অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল ৯ ঘটিকার সময় মেহেরপুর সরকারি মহিলা কলেজ ক্যাম্পাসে শিক্ষক ছাত্র-ছাত্রী সকলে মিলে বাঙালির ইতিহাস ঐতিহ্য নিয়ে আলোচনা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে বর্ষবরণ উদযাপিত হয়েছে।

অনুষ্ঠানের শুরুতেই মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ মহোদয়ের স্বাগত বক্তব্যর মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। এবং আজকে বাঙালির শত বছরের ইতিহাস হতে ফুটিয়ে তুলতে প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা সেজেছেন নানা সাজে। তবে এ সাজ বাঙালির ইতিহাস ঐতিহ্যের নিদর্শন স্বরূপ করেছেন শাড়ি।

এবং এবং শিক্ষার্থীদের গান কবিতা এবং পহেলা বৈশাখ কে ঘিরে বিভিন্ন নিত্য পরিদর্শন করে দিনটি উদযাপন করেন।

এ সময় মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ সহ সকল প্রফেসর কর্মচারী কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

নানা আয়োজনে মেহেরপুরে পহেলা বৈশাখ উদযাপন

যথাযোগ্য মর্যাদা ও আনন্দঘন পরিবেশে মেহেরপুরে পহেলা বৈশাখ বাংলা নববর্ষ-১৪৩২ উদযাপিত করা হয়েছে।

সোমবার (১৪ এপ্রিল) সকালে মেহেরপুর জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানের মধ্যে ছিলো বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা,আলোচনা সভা,পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে অনুষ্ঠিত হওয়া আলোচনা সভায় বক্তব্য রাখেন, জেলা প্রশাসক সিফাত মেহনাজ।
এসময় তিনি বলেন, হাজার বছর ধরে এদেশে এ সংস্কৃতির ঐতিহ্য গড়ে উঠেছে। এই ঐতিহ্যকে রক্ষা করা আমাদের সকলের দায়িত্ব ও কর্তব্য। তাই বাঙালির সংস্কৃতি রক্ষায় সকলকে এগিয়ে আসতে হবে।

এসময় সিভিল সার্জন ডা.এ কে এম আবু সাঈদ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার, আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম ,সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম, সহকারী কমিশনার (ভুমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

পরে সেখানে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় এবং অনুষ্ঠানে বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

এর আগে একটা শোভাযাত্রা বের করা করা।শোভাযাত্রাটি পাবলিক লাইব্রেরির সামনে থেকে শুরু করে প্রধান প্রধান সড়ক ঘুরে শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে গিয়ে শেষ হয় শোভাযাত্রায় সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন সামাজিক সংগঠন, শিক্ষক-শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি পেশার জনগণ অংশ নেন।

এসময় সকল শিক্ষাপ্রতিষ্ঠান স্ব-স্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে বাংলা নববর্ষ উদযাপন করে।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা আটক

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতাকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। গতকাল রোববার (১৩ এপ্রিল) রাতে আনন্দবাস গ্রামে নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়।

মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, থানায় দায়েরকৃত একটি চাঁদাবাজির মামলায় তাকে আটক করা হয়েছে।

রফিকুল ইসলাম তোতা মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের মৃত ইজ্জত আলী ডাক্তারের ছেলে। তিনি মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান জানান, রোববার রাতে সাইবার ক্রাইম ইউনিট, ডিবি এবং থানা পুলিশের যৌথ অভিযানে তাকে আটক করা হয়। পরে সোমবার সকালে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

মেহেরপুর সদরের সিংহাটিতে ৯ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউনিয়নের ৯ নং ওয়ার্ড (পুর্ব সিংহাটি ও শিমুলতলা) বিএনপি’র ওয়ার্ড সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার বিকেলে পূর্ব সিংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ৫১ সদস্য বিশিষ্ট ওয়ার্ড বিএনপি’র কমিটি গঠন করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য হাফিজুর রহমান হাফি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি আজমল হক মিন্টু ও জেলা জাসাস -এর নেতা বাঁকা বিল্লাহ। এসময় বিনা প্রতিদ্বন্দ্বীতায় ওয়ার্ড কমিটির সভাপতি আলী হোসেন মেম্বার ও আহসান হাবীব সাধারণ সম্পাদক মনোনীত হয়।

এ সময় উপস্থিত নেতাকর্মীরা হাত উত্তোলনের মাধ্যমে তাদের সমর্থন জানান। অনুষ্ঠানে ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন অংশ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। পরে নির্বাচিত প্রার্থীদেরকে ফুলের মালা পরিয়ে অভিনন্দন জানানো হয়।

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

# [redacted]

[redacted]

মো:সাজেদুল ইসলাম সাক্ষরিত এক পত্রে এ তথ্য জানানো হয়েছে।

পত্রে উল্লেখ করা হয়েছে, আগামী ২ মে থেকে ১ জুন পর্যন্ত এ জেলায় মাসব্যাপী দেশীয় শিল্প ও পণ্য মেলা শর্তসাপেক্ষে আয়োজনের অনুমতি প্রদান করা হয়। গত ১২ এপ্রিল মেলা আয়োজন না করার জন্য মেহেরপুর ব্যবসায়ী সমিতি থেকে একটি স্মারকলিপি জেলা প্রশাসকের কাছে দাখিল করা হয়। উদ্ভুদ্ধ পরিস্থিতি মেলা আয়োজনকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ার আশঙ্কা রয়েছে বলে বিভিন্ন সূত্রে জানা গেছে।

এসব বিবেচনায় পরবর্তি নির্দেশ না দেওয়া পর্যন্ত মেলা সাময়িকভাবে স্থগিত করা হলো।

গাংনীর কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজের এডহক কমিটির সভাপতি হলেন হাসানুজ্জামান ডাবলু

মেহেরপুর সরকারি কলেজের সহকারী অধ্যাপক ও ইংরেজি বিভাগের প্রধান হাসানুজ্জামান ডাবলু গাংনী উপজেলার কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজের এডহক কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন।

একজন শিক্ষিত, অভিজ্ঞ এবং সুনামধন্য শিক্ষক হিসেবে শিক্ষাক্ষেত্রে তার অবদানের স্বীকৃতিস্বরূপ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর ছয় মাসের জন্য তাকে এডহক কমিটির সভাপতি হিসেবে অনুমোদন দিয়েছে।

এডহক কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সাধারণ শিক্ষক প্রতিনিধি মাজহারুল ইসলাম, অভিভাবক প্রতিনিধি মিজানুর রহমান মিজান এবং কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজুর রহমান।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোরের কলেজ পরিদর্শক প্রফেসর এস এম তৌহিদুজ্জামানের স্বাক্ষরিত অফিস আদেশে এ তথ্য

নিশ্চিত করা হয়েছে।

নতুন সভাপতির দায়িত্ব গ্রহণ উপলক্ষে এক অনাড়ম্বর অনুষ্ঠানে প্রতিষ্ঠানের সিনিয়র শিক্ষক আমজাদ হোসেন, আক্তারুজ্জামান লাভলু, রেজাউর রহমান, ফিরোজা খাতুন, আজিজুল হক, জুহিন কামাজ, জয়নাল আবেদীন, শামীম রেজা, এখলাছুর রহমান, ববিতা রাণী সরকার, পল্লবী সাহা, নুরুন্নাহার, আশিকুল ইসলাম, নাজমুল হকসহ সব শিক্ষক-কর্মচারী উপস্থিত ছিলেন।

সিনিয়র শিক্ষক আমজাদ হোসেন জানান, “নবনির্বাচিত সভাপতি হাসানুজ্জামান ডাবলু আমার সহকর্মী এবং আমাদের প্রিয় শিক্ষক মরহুম সামছুজ্জোহা স্যারের সুযোগ্য পুত্র। তিনি একজন অভিজ্ঞ ও যোগ্য শিক্ষক। আমরা আশাবাদী, তার নেতৃত্বে আমাদের প্রতিষ্ঠান নতুন উচ্চতায় পৌঁছাবে।”

অভিভাবক প্রতিনিধি মিজানুর রহমান মিজান বলেন, “সভাপতি মহোদয় একজন দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক। শিক্ষাক্ষেত্রের নানা দিক সম্পর্কে তার সুস্পষ্ট ধারণা রয়েছে। তার দক্ষ পরিচালনায় প্রতিষ্ঠান আরও সমৃদ্ধ হবে বলে আমি বিশ্বাস করি এবং আমি সর্বাত্মক সহযোগিতা করবো।”

সহকারী শিক্ষক আক্তারুজ্জামান লাভলু বলেন, “বর্তমান সভাপতির নেতৃত্বে আমাদের প্রতিষ্ঠানের শিক্ষার মান, শৃঙ্খলা এবং আদর্শিক দিক আরও উন্নত হবে বলে আমরা প্রত্যাশা করি।”

নবনির্বাচিত সভাপতি হাসানুজ্জামান ডাবলু বলেন, “১৯৬৭ সালে প্রতিষ্ঠিত এই ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিটি ইট এবং বালুকণায় আমার বাবার স্মৃতি মিশে আছে। আমি শিক্ষার মানোন্নয়নসহ প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে কাজ করতে চাই। আমাদের প্রতিষ্ঠানকে মেহেরপুর জেলার সেরা বিদ্যালয় হিসেবে গড়ে তুলতে সকলের সহযোগিতা প্রয়োজন। আমি জানি, এখানে অনেক দক্ষ ও মানসম্পন্ন শিক্ষক রয়েছেন। আমি সকলকে আহ্বান জানাই আপনারা সেরা শিক্ষক হিসেবে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করুন।”

একজন শিক্ষিত ও অভিজ্ঞ শিক্ষক হাসানুজ্জামান ডাবলু এডহক কমিটির সভাপতি মনোনীত হওয়ায় স্থানীয় এলাকাবাসী, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে আনন্দ ও উচ্ছ্বাস বিরাজ করছে।

মেহেরপুরে মাল্টি স্টেক হোল্ডার ওয়ার্কশপ অনুষ্ঠিত

নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্পের আওতায় মেহেরপুরে বিদ্যমান পলিসির প্রয়োগ ও নতুন পলিসি উন্নয়নে মাল্টি স্টেক হোল্ডার ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১০টায় জেলা প্রাণিসম্পদ অফিসের সম্মেলন কক্ষে আরএমটিপি প্রকল্প ও ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে এ ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

ওয়ার্কশপে সভাপতিত্ব করেন মেহেরপুরের জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. সুব্রত কুমার ব্যানার্জী। উপস্থিত ছিলেন সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহ আল মামুন, গাংনী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মো. মোত্তালেব আলী, মুজিবনগর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মো. হারিছুল আবিদ, আরএমটিপি প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক ডা. আবু সালেহ মো. শহিদ, ওয়েভ ফাউন্ডেশনের এরিয়া ম্যানেজার মো. শাহ আলম, মনিটরিং এন্ড রেজাল্ট ম্যানেজমেন্ট অফিসার মো. পলাশ মিয়া, ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর ডা. মো. আজিজুল হক, মো. আব্দুল হাদি ও সহকারী ফ্যাসিলিটেটর মোছা. সহিবা খাতুন, মো. আল আমিন এবং মো. মহিদুল ইসলাম হোসেন।

এছাড়াও ওয়ার্কশপে অংশগ্রহণ করেন বিভিন্ন কোম্পানির প্রতিনিধি, ঘাসের ডিলার পয়েন্ট, দুগ্ধজাত পণ্য প্রক্রিয়াজাতকারী, মিট প্রসেসিং উদ্যোক্তা, ভার্মি কম্পোস্ট উদ্যোক্তা, লিড খামারী ও এলএসপি প্রতিনিধিসহ বিভিন্ন স্টেক হোল্ডারগণ।

ওয়ার্কশপে নিরাপদ খাদ্য ও প্রাণিসম্পদ খাতের বিদ্যমান পলিসি এবং তা বাস্তবায়নের গুরুত্ব তুলে ধরা হয়। গবাদিপশুর লালন-পালনে আধুনিক প্রযুক্তির ব্যবহার, নিরাপদ মাংস ও দুধ উৎপাদনে অপ্রয়োজনীয় ওষুধের ব্যবহার রোধ, স্টেরয়েড ব্যবহার বন্ধ এবং ব্যবসা পরিচালনায় সরকারি নির্দেশনার যথাযথ বাস্তবায়ন নিয়ে আলোচনা করা হয়। এছাড়া, ভ্যাকসিন হাবের প্রয়োজনীয়তা, নিরাপদ খাদ্য আইন ও স্টেক হোল্ডারদের দায়িত্ব সম্পর্কেও আলোকপাত করা

হয়।

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. সুব্রত কুমার ব্যানার্জী তার বক্তব্যে আরএমটিপি ও ওয়েভ ফাউন্ডেশনের কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও আমিষের চাহিদা পূরণে সম্মিলিত অংশগ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

ওয়ার্কশপ শেষে অংশগ্রহণকারীদের মধ্যে মতবিনিময় ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নির্ধারণের মাধ্যমে অনুষ্ঠান সমাপ্ত হয়।

মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মহা: আব্দুস সালাম আটক

মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সদস্য অ্যাড. মহা.আব্দুস সালামকে গ্রেপ্তার করেছে পুলিশ।

শনিবার দিবাগত মধ্যরাতে শহরের বড়বাজার তাঁর নিজবাসভবনে অভিযান চালিয়ে ডিবি পুলিশ তাকে গ্রেপ্তার করে। তাঁকে বর্তমানে মেহেরপুর সদর থানা হেফাজতে রাখা হয়েছে।

অ্যাড. মহা. আব্দুস সালাম কেন্দ্রীয় ছাত্রলীগের সহসভাপতি ও রাজশাহী বিশ্ব বিদ্যালয় ছাত্রলীগের সভাপতি ছিলেন।

মেহেরপুর সদর থানার ওসি মেছবাহ উদ্দিন বলেন, ডিবি পুলিশ তাকে আটক করে থানা হেফাজতে দিয়েছে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মামলায় তাঁকে গ্রেপ্তার দেখিয়ে আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে।